

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।  
নৈতিকতা কমিটি ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : রনি কুমার সরকার  
নির্বাহী অফিসার ও অফিস প্রধান, আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।  
সভার স্থান : আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।  
তারিখ : ১১/০৬/২০২৩ খ্রি:  
সময় : বেলা ০২.০০ ঘটিকা  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার শুরুতেই সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বর্তমানে অত্র দপ্তরের সেবা প্রদানে স্বচ্ছতা, জবাবদিহিতা ও উন্নত নাগরিক সেবা প্রদানের সফলতার প্রশংসা করেন এবং সফলতার ধারা অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি নৈতিকতা কমিটির বিষয়বস্তু উপস্থাপন করেন।

আলোচ্যসূচি অনুযায়ী সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

২। ৩য় সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ:

| ক্র:নং | আলোচ্য সূচী   | সিদ্ধান্ত   |
|--------|---|---|
| ২.১    | উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কোন সংশোধন প্রস্তাব নেই মর্মে সভাকে অবহিত করেন। | কোন সংশোধন প্রস্তাব না থাকায় ৩য় সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। |

৩। পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা:

| ক্র:নং | আলোচ্য সূচী   | সিদ্ধান্ত   |
|--------|---|---|
| ৩.১    | প্রনিক দপ্তর কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে সেবাপ্রার্থীদের সুবিধার্থে Online Licensing Module (OLM) সংক্রান্ত মেলায় আয়োজন করা হয়েছে। ভবিষ্যতে অত্র দপ্তরেও এ রকম প্রচার কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। | আগামী অর্থবছরে প্রনিক দপ্তরের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে। |

৪। লক্ষ্যমাত্র নির্ধারণ ও বাস্তবায়ন সংক্রান্ত:

| ক্র:নং | আলোচ্য সূচী      | সিদ্ধান্ত   | বাস্তবায়ন  |
|--------|------------------|---|---|
| ৪.১    | বাজেট বাস্তবায়ন | ২০২২-২৩ অর্থবছরের বাজেট বাস্তবায়নের জন্য বাজেট শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের বাজেট যথাযথ ভাবে বাস্তবায়ন করা হয়েছে। |

৫। সভা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহীত হয়:

| ক্র:নং | আলোচ্য সূচী  |
|--------|--|
| ৫.১    | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর খসড়া আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করতে হবে। |
| ৫.২    | নৈতিকতা কমিটির সভা নিয়মিত করতে হবে।   |
| ৫.৩    | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে।                       |

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১১.০৬.২০২৩

(রনি কুমার সরকার)


নির্বাহী কর্মকর্তা ও অফিস প্রধান  
আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ।

স্মারক নং: ২৬.০৩.২১০০.০০১.০১.০০২.০১.২২.৪৩

তারিখ: ১১/০৬/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ২) সভাপতি, চেম্বার অব কমার্স, সিরাজগঞ্জ জেলা।
- ৩) জনাব.....।



(রনি কুমার সরকার)

নির্বাহী কর্মকর্তা ও অফিস প্রধান  
আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর,  
সিরাজগঞ্জ।